

# \$1,000 - \$10,000 আবহাওয়া মোকাবেলার অনুদান ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য

## ঠাণ্ডা শীতের সময়ে আপনার ক্ষুদ্র ব্যবসার ধারণক্ষমতা বৃদ্ধি করুন

মিশিগানের শ্রম ও অর্থনৈতিক সুযোগ বিভাগ (LEO) উপযুক্ত ক্ষুদ্র ব্যবসায়ীদেরকে আবহাওয়া মোকাবেলার উপযোগী, অস্থায়ী আউটডোর ফ্যাসিলিটি স্থাপনের মাধ্যমে তাদের ধারণক্ষমতা বৃদ্ধির জন্য ফেডারেল CARES আইনের অধীনে অনুদান প্রদান করছে।



## কারা যোগ্য?

৫০ জন বা তার কম সংখ্যক পূর্ণকালীন কর্মচারী থাকা মিশিগান-ভিত্তিক ব্যবসা:

- রেস্টোরাঁ ও/বা বার
- ব্যাংকোয়েট সেন্টার
- খুচরা পণ্যের দোকান
- জিম ও ফিটনেস সেন্টার
- স্থানীয় সরকার, যেমন সিটি, টাউনশিপ, গ্রাম ও কাউন্টি যারা ব্যবসার জন্য যৌথ ব্যবহার্য স্থান দিয়ে থাকে
- বাণিজ্যিক সম্পত্তির মালিকগণ যারা ভাড়াটিয়াদের যৌথ ব্যবহার্য স্থান দিয়ে থাকেন

## অনুদান ব্যবহারের আইডিয়া

- আউটডোরে বসার ব্যবস্থার জন্য অস্থায়ী কাঠামো
- পোর্টেবল হিটার
- পোর্টেবল/অস্থায়ী আলোর ব্যবস্থা
- আউটডোর আসবাবপত্র এবং টেবলওয়ার
- আউটডোর রান্নার সরঞ্জাম
- বেড়া: ডিভাইডার যেমন প্ল্যান্টার্স, হ্যাপ্পিং, বা প্লেক্সিগ্লাস প্যানেল
- ক্যারি আউট এবং ডেলিভারি সেবা প্রদানের জন্য ধারণক্ষমতা বৃদ্ধির জন্য অপরিহার্য ইলেক্ট্রনিক মেনু অ্যাক্সেস এবং আপগ্রেড

বিধিমালা দেখুন এবং আবেদন করুন এখানে:

[SBAM.org/weather](https://sbam.org/weather)

# যেভাবে শুরু করবেন

অনুদানের জন্য আবেদন ১৮ নভেম্বর EST অনুযায়ী মধ্যাহ্ন থেকে শুরু হবে। এফুনি প্রস্তুতি নিন কারণ অনুদান আগে আসলে আগে পাবেন ভিত্তিতে দেওয়া হবে।

## ১. ধারণক্ষমতা যোগ করতে কী করা যেতে পারে?

আপনার ব্যবসার ধারণক্ষমতা বৃদ্ধির জন্য আবহাওয়ার মোকাবেলায় আপনি কী পদক্ষেপ নিতে পারেন বিবেচনা করুন; অথবা শীতের সময়ে ধারণক্ষমতা বৃদ্ধির জন্য ১ আগস্ট, ২০২০ থেকে আপনি কী করেছেন তা বিবেচনা করুন।

## ২. আপনার অনুদানের অনুরোধ প্রস্তুত করুন

উপযুক্ত শিল্পখাতের ক্ষুদ্র ব্যবসাগুলো ১০০০ থেকে ১০,০০০ মার্কিন ডলার অনুদানের অনুরোধ করতে পারবে। আপনার আবেদন জমা দেওয়ার প্রস্তুতি নিতে, কাজগুলো বাস্তবায়ন করা, পণ্য ক্রয় করা, ইত্যাদির খরচ হিসেব করুন। যদি কাজগুলো ইতোমধ্যে করা হয়ে গিয়ে থাকে, তাহলে রশিদগুলো একত্রিত করুন।

## ৩. আপনার আবেদন জমা দিন

১৮ নভেম্বর, ২০২০ তারিখ মধ্যাহ্ন EST থেকে আপনার আবেদনটি [www.MiWinterGrants.org](http://www.MiWinterGrants.org) এ জমা দিন।

## ৪. অনুদান পাওয়ার পর আপনার অনুমোদিত উন্নয়ন, কেনাকাটা সম্পন্ন করুন

পরিশোধিত অর্থ ফেরত পেতে আপনার রশিদ জমা দিন। কেনাকাটাগুলো অবশ্যই ১ আগস্ট, ২০২০ থেকে ৩০ ডিসেম্বর, ২০২০ এর মধ্যে সম্পন্ন হতে হবে। ১৫ জানুয়ারি, ২০২১ এর মধ্যে সব রশিদ জমা দিতে হবে।

---

আরো জানুন:

[SBAM.org/weather](http://SBAM.org/weather)